ক. চুক্তির শর্তসমূহ:

১। 'প্রথম পক্ষ' (ইউনিয়ন পরিষদ)-এর দায়িত্ব :

১.১। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৪৭ (গ), ৫০ এবং ৭৮ ধারা অনুযায়ী জনকল্যাণমূলক কার্যসংক্রান্ত সেবা, উন্নততর তথ্য ও প্রযুক্তির ব্যবহার ও সুশাসন এবং তথ্য প্রাপ্তির অধিকার নিশ্চিত করণে ইউনিয়ন পরিষদ ইউনিয়ন ডিজিটাল সেন্টারকে সেবা প্রদানের অন্যতম ক্ষেত্র হিসেবে বিবেচিত করে এর কার্যক্রম পরিচালনা ও শক্তিশালীকরণে সচেষ্ট থাকবে।

১.২। ইউডিসি স্থাপনের জন্য বিনা ভাড়ায় ইউনিয়ন পরিষদে একটি উপযুক্ত কক্ষ বরাদ্দ করবেন;

১.৩। স্থানীয় উদ্যোক্তার বিনিয়োগকৃত অর্থ ও সেবা প্রদানে ব্যবহার্য যন্ত্রপাতি এবং অন্যান্য উপকরণ ব্যতীত ইউনিয়ন পরিষদ ইউডিসির কার্যক্রমের জন্য প্রয়োজনীয় আর্থিক এবং অন্যান্য ভৌত ও কারিগরি সহায়তা প্রদান করবেন। ইউনিয়ন পরিষদ এ জাতীয় সহায়তা নিজস্ব তহবিল, সরকারী অনুদান, দাতা সংস্থা বা দানশীল ব্যাক্তিদের কাছ থেকে পাওয়া অর্থ থেকে যোগান দিবে;

১.৪। ইউনিয়ন পরিষদ স্থানীয় জনগোষ্ঠীর জন্য উন্নত তথ্য ও সেবা নিশ্চিত করার লক্ষ্যে উদ্বুদ্ধকরণ ও প্রচার প্রচারণামূলক কর্মসূচি বাস্তবায়নে উদ্যোক্তাকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করবে;

১.৫। ইউডিসিকে টেকসই করার লক্ষ্যে উদ্যোক্তারা যাতে পর্যাপ্ত সেবা প্রদান ও আর্থিকভাবে লাভবান হতে পারেন সেজন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন;

১.৬। সকল উপকরণসহ ইউডিসির পূর্ণ নিরাপত্তা নিশ্চিত করবেন;

১.৭। অর্থের বিনিময়ে ইউনিয়ন পরিষদের বিভিন্ন কাজ করানোর ক্ষেত্রে সকল সময়ে ইউডিসির অগ্রাধিকার সংরক্ষিত থাকবে।

১.৮। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রণীত পরিপত্র ও উদ্যোক্তার সাথে সম্পাদিত এই চুক্তি অনুসারে ইউডিসির জন্য ইউনিয়ন পরিষদ কর্তৃক পালনীয় দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পন্ন করবে; এছাড়া সরকারি নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় উপকরণ, অনুদান প্রভৃতি যথাসম্ভব দ্রুততার সাথে প্রদান করবে;